

“শেখ হাসিনার বারতা,
নারী-পুরুষ সমতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।
<http://dwa.gajaria.munshiganj.gov.bd>

স্মারকনং: ৩২.০১.৫৯২৪.০০০.৬৬.০০১.২০১৭-৬৮

তারিখঃ ০৪/০৩/২০২৪ খ্রিঃ

ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি


উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ-এ নিম্নে লিখিত কোর্সে ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি হতে ইচ্ছুক ছাত্রীগণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে ০৫ মার্চ/২০২৪ হতে ২৫ মার্চ/২০২৪ এর মধ্যে আবেদন ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

কোর্সের নাম	: দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ;
কোর্সের মেয়াদ	: ৩ (তিন) মাস (এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত);
আসন সংখ্যা	: ৩০ (ত্রিশ) জন;
প্রয়োজনীয় কাগজপত্র	: পাসপোর্ট সাইজের সত্যায়িত ৩ (তিন) কপি ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি ১(এক) কপি, ইউনিয়ন চেয়ারম্যানের প্রদত্ত নাগরিকত্ব সনদ এর সত্যায়িত ফটোকপি ০১ (এক) কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
বয়স	: ১৮ বৎসর হতে ৪০ বৎসর;
শিক্ষাগত যোগ্যতা	: ন্যূনতম ৮ম শ্রেণী পাশ;
আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ	: ২৫ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। সরকারি ছুটির দিন ব্যতীত।

সাক্ষাৎকার/বাছাই :

উল্লেখ্যঃ ইতিপূর্বে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ থেকে যারা দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

বিঃদ্র:- দুঃস্থ, বিধবা, স্বামী পরিত্যক্ত ও অসহায় মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে। প্রশিক্ষণ প্রাপ্ত ছাত্রীদের উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে হাজিরা ভাতা প্রদান করা হবে (বরাদ্দ পাওয়া সাপেক্ষে)।


০৪/০৩/২০২৪

হাদিয়া আফরিন
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: waogazaria@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

১. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৫. উপজেলা কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬. অফিস কপি।